ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

এবং

চেয়ারম্যান, পেট্রোবাংলা-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব | ৬ |
| সেকশন ৩: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-৯ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১২ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর মধ্যে ২০২০ সালের ........০৭........মাসের..২৯.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# পিজিসিএল-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of PGCL)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর ) প্রধান অর্জনসমূহ:**

সিরাজগঞ্জ ২২৫ মে.ও. ক্ষমতার সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রে (ইউনিট-২, ৩) গ্যাস সরবরাহের জন্য পৃথক গ্যাস সরবরাহ পাইপলাইন, সিএমএস এবং কন্ট্রোল বিল্ডিং নির্মাণ করা হয়েছে। সিরাজগঞ্জ ৪১৩.৭৯২ মে.ও. ডুয়েল-ফুয়েল (আইপিপি) বিদ্যুৎ কেন্দ্রে (৪র্থ ইউনিট) পাইপলাইন ও সিএমএস নির্মাণের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হয়েছে। পিজিসিএল অধিভুক্ত এলাকায় বর্তমানে স্থাপিত গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক এর পুনর্বাসন, মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ সম্পাদন করা হয়েছে। পিজিসিএল কমপ্লেক্সে এমডি অফিস বিল্ডিংসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ, নলকাস্থ প্রস্তাবিত হেড অফিস কমপ্লেক্সে আরসিসি কাউন্টারফোর্ট ওয়াল এবং নলকাস্থ বর্তমান হেড অফিস কমপ্লেক্সে ওয়াকওয়ে, মেইন ড্রেইন বাউন্ডারি ওয়াল উঁচুকরণ এবং বাগান লাইটিং সংক্রান্ত কাজ সম্পাদন করা হয়েছে। হাটিকুমরুল-কাশীনাথপুর রোডস্থ গোয়াইলার হাট, পাটগারি, ঝুগনিদহ ব্রিজ ও নলকা-সিরাজগঞ্জ রোডের নাউরি ব্রিজ সংলগ্ন, রাজশাহী কোর্ট হতে মোল্লাপাড়া পর্যন্ত, রাজশাহী বুয়েট হতে রাজশাহী বাইপাস খড়খড়ি পর্যন্ত, হাটিকুমরুল-বগুড়া রোডস্থ হাটিকুমরুল মোড় হতে সমবায় ফিলিং স্টেশন পর্যন্ত এবং নলকা-সিরাজগঞ্জ রোডের মেডিকেল কলেজ গেট হতে চন্ডিদাসগাতী ব্রিজ পর্যন্ত গ্যাস বিতরণ পাইপলাইন স্থানান্তর ও পুনঃস্থাপন কাজ সম্পাদন করা হয়েছে। e-GP Tendering System ও নতুন নিয়োগের ক্ষেত্রে Online Application System এবং প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয়ে ব্রডব্যান্ড ইন্টারনেট ও LAN সংযোগ চালুকরণ এবং নথি ব্যবস্থাপনায় ই-ফাইলিং সিস্টেম চালু করা হয়েছে। দুর্ঘটনাজনিত তথ্যাদি দ্রুত প্রাপ্তি এবং গ্রাহক সেবা সহজীকরণ এর জন্য Hot line চালু করা হয়েছে। প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহে সিসি ক্যামেরা স্থাপন এবং পিজিসিএল-এর প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ-এ ৫ম তলা বিশিষ্ট ডরমেটরির ১ম ও ২য় তলা নির্মাণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

গ্যাস সংকটের কারণে পিজিসিএল আওতাধীন সিরাজগঞ্জ পাওয়ার হাব এলাকায় স্থাপিত ৪টি বিদ্যুৎ কেন্দ্র ও পিজিসিএল আওতাধীন অন্যান্য এলাকায় স্থাপিত বিদ্যুৎ কেন্দ্রে দৈনিক ২০৩ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদা পূরণ করা। কোম্পানির কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বেতন-ভাতাদি বৃদ্ধিসহ বিদ্যমান অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধির কারণে কোম্পানির রাজস্ব আয় এবং রাজস্ব ব্যয়ের ব্যবধান ক্রমাগত হ্রাস পাওয়ায় কোম্পানিকে লাভজনকভাবে পরিচালনা করা। এলএনজি আমদানির পর শর্তসাপেক্ষে বিভিন্ন শ্রেণীর (শিল্প, ক্যাপটিভ পাওয়ার, সিএনজি, বাণিজ্যিক) গ্রাহকের অনুকূলে গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় গ্যাস বিতরণ/সার্ভিস লাইন নির্মাণপূর্বক অনুমোদিত গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান করে কোম্পানি অধিভুক্ত এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন তথা জাতীয় উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখা। পিজিসিএল এর প্রস্তাবিত "রংপুর, নীলফামারী, পীরগঞ্জ শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ" প্রকল্পের ডিপিপি অনুমোদিত হলে প্রকল্পের জন্য জনবল নিয়োগ করা এবং নির্ধারিত সময়ের প্রকল্পটি বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আগামী ০৩ (তিন) বছরে পিজিসিএল ১৬৫ বিসিএফ গ্যাস বিক্রয়, ০৭ লট গ্যাস সরঞ্জামাদি ক্রয়, ১৪ কি.মি গ্যাস বিতরণ পাইপলাইন স্থাপন, ৫০০ সংখ্যক অবৈধ ও খেলাপী গ্রাহকের সংযোগ বিচ্ছিন্নকরণ, ১৫ টি ইভিসিযুক্ত মিটার স্থাপন এবং সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের অফিস ভবন নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। অনুমোদনক্রমে "রংপুর, নীলফামারী, পীরগঞ্জ শহর এবং তৎসংলগ্ন এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ" শীর্ষক প্রকল্প এলাকা এবং পিজিসিএল-এর বগুড়া আবিকাভুক্ত এলাকায় ২৫ কিঃমিঃ গ্যাস বিতরণ পাইপ লাইন এবং বিদ্যমান ডিআরএস এর পাশ্বে ২৫ এমএমসিএফডি ক্ষমতার নতুন একটি ডিআরএস নির্মাণ কাজ বাস্তবায়ন করা হবে। এছাড়া ডিপোজিটরি ফান্ডে প্রস্তাবিত রাজশাহী বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিরাজগঞ্জ বিসিক ইন্ডাষ্ট্রিয়াল পার্ক, রাজশাহী বিসিক শিল্প নগরী-২ , বগুড়া বিসিক ইন্ডাষ্ট্রিয়াল পার্ক এলাকায় গ্যাস বিতরণ পাইপ লাইন নির্মাণ কাজ করা হবে। পিজিসিএল-এর আওতাভূক্ত এলাকায় গ্রাহক পর্যায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন এবং পিজিসিএল-এর প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ-এ ৫ম তলা বিশিষ্ট ডমেটরির ৩য়, ৪র্থ ও ৫ম তলা নির্মাণ করা হবে।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৪৫ বিসিএফ গ্যাস বিক্রয়;
- ০৩ লট গ্যাস সরঞ্জামাদি ক্রয়;
- ১০ কি.মি গ্যাস বিতরণ পাইপলাইন স্থাপন;
- ৫০০ সংখ্যক অবৈধ ও খেলাপী গ্রাহকের সংযোগ বিচ্ছিন্নকরণ;
- ০৫ টি ইভিসিযুক্ত মিটার স্থাপন এবং
- ১২৫ জন কর্মকর্তা/ কর্মচারীবৃন্দকে প্রশিক্ষণ প্রদান।

# সেকশন-১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প :

দেশের উত্তরাঞ্চল তথা রাজশাহী ও রংপুর বিভাগে নিরাপদ ও সর্বোত্তমভাবে প্রাকৃতিক গ্যাস বিতরণ।

১.২ অভিলক্ষ্য :

- নিরাপদ, যথোপযুক্ত এবং পরিকল্পিত উপায়ে পিজিসিএল অধিভুক্ত এলাকায় সকল শ্রেণি গ্রাহকের নিকট প্রাকৃতিক গ্যাস সরবরাহকরণ;
- সর্বোত্তম গ্রাহক সেবা প্রদান;
- গ্যাস বিপণনে সুশাসন প্রতিষ্ঠা;
- গ্যাসের দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ এবং
- রাজস্ব আহরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১.৩.১ পিজিসিএল-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ;
২. দেশব্যাপী জ্বালানির সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধিকরণ এবং
৩. মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধিকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২.কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩.আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন এবং
৪.জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি :

১. পিজিসিএল আওতাভুক্ত এলাকায় প্রাকৃতিক গ্যাস সরবরাহের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়ন করা;
২. পিজিসিএল আওতাভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন স্থাপন করা;
৩. পিজিসিএল আওতাভুক্ত এলাকায় ডিআরএস/টিবিএস/সিএমএস স্থাপন করা;
৪. সরকারি বিধি-বিধান অনুসারে পিজিসিএল আওতাভুক্ত এলাকায় বিভিন্ন ধরনের গ্রাহক এবং আর্থ-সামাজিক শ্রেণির কাছে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা;
৫. সরকারি বিধি-বিধান অনুসারে রাজস্ব আদায় করা এবং
৬. জরুরী গ্রাহক চাহিদা ও সেবা নিশ্চিত করা।

# সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব (Outcome / Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাস মূহের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| গ্রাহক প্রতি অনবায়নযোগ্য জ্বালানি ব্যবহার | গ্রাহক প্রতি শিল্প খাতে গ্যাস ব্যবহার | সমতুল্য ঘন মিটার গ্যাস | ৪৪৭৪৬৩ | ৪১৭৯৯৮ | ৪৩৯২৫০ | ৪৪৩৪৯৫ | ৪৪৩৪৯৫ | ১. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>২. পেট্রোবাংলা<br>৩. বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন<br>৪.পরিবেশ অধিদপ্তর<br>৫. জাতীয় রাজস্ব বোর্ড<br>৬. বিস্ফোরক অধিদপ্তর<br>৭. বাংলাদেশ ব্যাংক<br>৮. বাংলাদেশ পুলিশ | ১. পিজিসিএল এর আওতাধীন আঞ্চলিক বিক্রয় ও রেভিনিউ সেকশন<br>২. অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট পিজিসিএল |
| | গ্রাহক প্রতি বাণিজ্যিক খাতে গ্যাস ব্যবহার | সমতুল্য ঘন মিটার গ্যাস | ২৪৭২৬ | ২১৯৫৬ | ২৪৭৪৭ | ২৪৭৫০ | ২৪৭৫০ | | |
| | গ্রাহক প্রতি আবাসিক খাতে গ্যাস ব্যবহার | সমতুল্য ঘন মিটার গ্যাস | ২৩৬৩ | ২০৮০ | ২৩৬৫ | ২৩৭৭ | ২৩৭৭ | | |
| | মোট | | ৪৭৪৫৫২ | ৪৪২০৩৪ | ৪৬৬৩৬২ | ৪৭০৬২২ | ৪৭০৬২২ | | |

## সেকশন-৩

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ (Projection) | প্রক্ষেপণ ২০২২-২৩ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| পিজিসিএল-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| ১.জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ | ৫০ | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] বিক্রীত গ্যাস | সমষ্টি | বিসিএফ | ৩০ | ২২.৮৮৯ | ৬০.৩৭৫ | ৪৫ | ৪০.৫ | ৩৬ | ৩১.৫ | ২৭ | ৬০ | ৬০ |
| | | [১.২] গ্যাস সরঞ্জামাদি ক্রয় | [১.২.১] ক্রয়কৃত গ্যাস সরঞ্জামাদি | সমষ্টি | লট | ১২ | ০৫ | ০৪ | ৩ | ২ | ১ | ০ | ০ | ২ | ২ |
| | | [১.৩] গ্যাস পাইপলাইন স্থাপন | [১.৩.১] স্থাপিত পাইপলাইনের দৈর্ঘ্য | সমষ্টি | কি.মি. | ৮ | ০.১৪ | ৭.৩৪৬ | ৮ | ৭ | ৬ | ৫ | ৬ | ২ | ২ |
| ২.দেশব্যাপি জ্বালানির সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধিকরণ | ১০ | [২.১] অবৈধ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | [২.১.১] বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগ | সমষ্টি | সংখ্যা | ৮ | ৮৫৮ | ৭১৪ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৫০০ | ৫০০ |
| | | [২.২] ইভিসিযুক্ত মিটার স্থাপন | [২.২.১] ইভিসিযুক্ত মিটার | সমষ্টি | সংখ্যা | ২ | ৩ | ০৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| ৩.মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধিকরণ | ০৮ | [৩.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা / কর্মচারীবৃন্দ | সমষ্টি | সংখ্যা | ৮ | ১৮৪ | ৮৩০ | ১২৫ | ১১৩ | ১০০ | ৮৮ | ৭৫ | ১২৫ | ১৩০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ (Projection) | ২০২২-২৩ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৪. বিনিয়োগ বিকাশ | ০৭ | [৪.১] শিল্প খাতে গ্যাস সংযোগের আবেদন নিস্পত্তির সময়সীমা | [৪.১.১] আদেশ জারী | সমষ্টি | সময় (দিন) | ২ | - | - | ৩০ | ৪০ | ৫০ | ৭০ | ৯০ | | |
| | | [৪.২] ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান | [৪.২.১] আদেশ জারী | সময় | সময় | ২ | - | - | ৩১-১২-২০২০ তারিখের মধ্যে | ৩১-০১-২০২১ তারিখের মধ্যে | ২৮-০২-২০২১ তারিখের মধ্যে | ৩১-০৩-২০২১ তারিখের মধ্যে | ৩০-০৪-২০২১ তারিখের মধ্যে | | |
| | | [৪.৩] বাস্তবায়ন ও পরিবীক্ষণ | [৪.৩.১] প্রদত্ত সেবা সম্পর্কে মতামত সংগ্রহের পদ্ধতি ও সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১.৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ০ | | |
| | | [৪.৪] ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.৪.১] পদ্ধতি ও সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১.৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ০ | | |

# পিজিসিএল এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল), চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................

ব্যবস্থাপনা পরিচালক
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)

(মোঃ আইয়ুব খান চৌধুরী)
পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা
ও
ব্যবস্থাপনা পরিচালক, অতিরিক্ত দায়িত্ব
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২৭/০৭/২০২০
তারিখ

............................................

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এ বি এম আবদুল ফাত্তাহ্
চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)।

২৭/৭/২০২০
তারিখ

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | পিজিসিএল | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড |
| ২ | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফুট |
| ৩ | কি.মি. | কিলোমিটার |
| ৪ | পিএসআইজি | পাউন্ড পার স্কয়ার ইঞ্চি গেজ |
| ৫ | ডিআরএস | ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন |
| ৬ | এনডব্লিউপিজিসিএল | নর্থওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড |
| ৭ | মে.ও. | মেগাওয়াট |
| ৮ | পেট্রোবাংলা | বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন |
| ৯ | ইভিসি | ইলেকট্রনিক ভলিউম কারেক্টর |
| ১০ | এডিপি | অ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ১১ | কেজি/সেমি$^{২}$ | কিলোগ্রাম পার স্কয়ার সেন্টিমিটার |
| ১২ | সিএমএস | কাস্টমার মিটারিং স্টেশন |
| ১৩ | টিবিএস | টাউন বর্ডারিং স্টেশন |
| ১৪ | সিপি | ক্যাথডিক প্রটেকশন |
| ১৫ | SIP | Small Improvement Project |

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] বিক্রীত গ্যাস | বিভিন্ন শ্রেণির গ্রাহক যেমন: গৃহস্থালী, বাণিজ্যিক, শিল্প, সিএনজি, বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদিতে গ্যাস সরবরাহ করা হয় | বিপণন ডিভিশন, পিজিসিএল | পিজিসিএল এর এমআইএস রিপোর্ট | পিজিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট |
| ২. | [১.২] গ্যাস সরঞ্জামাদি ক্রয় | [১.২.১] ক্রয়কৃত গ্যাস সরঞ্জামাদি | নতুন গ্যাস সংযোগ প্রদান এবং পাইপলাইন, ডিআরএস/ টিবিএস/ সিএমএস,সিপি সিস্টেম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মডিফিকেশনের জন্য গ্যাস সরঞ্জামাদি ক্রয় করা হয় | প্রশাসন ডিভিশন, পিজিসিএল | পিজিসিএল এর এমআইএস রিপোর্ট / প্রশাসন ডিভিশন, পিজিসিএল | পিজিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট |
| ৩. | [১.৩] গ্যাস পাইপলাইন স্থাপন | [১.৩.১] স্থাপিত পাইপলাইনের দৈর্ঘ্য | পিজিসিএল এর আওতাভুক্ত এলাকায় গ্যাস বিতরণের লক্ষ্যে পাইপলাইন স্থাপন করা হয় | অপারেশন ডিভিশন, পিজিসিএল | পিজিসিএল এর এমআইএস রিপোর্ট | পিজিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট |
| ৪. | [২.১] অবৈধ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | [২.১.১] বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগ | প্রাকৃতিক গ্যাসের সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধি করার জন্য অবৈধ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা হয় | বিপণন এবং অর্থ ও হিসাব ডিভিশন, পিজিসিএল | পিজিসিএল এর এমআইএস রিপোর্ট | পিজিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট |
| | [২.২] ইভিসিযুক্ত মিটার স্থাপন | [২.২.১] ইভিসিযুক্ত মিটার | প্রাকৃতিক গ্যাসের সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধি করার জন্য ইভিসিযুক্ত মিটার স্থাপন করা হয় | অপারেশন ও বিপণন ডিভিশন পিজিসিএল | অপারেশন ও বিপণন ডিভিশন পিজিসিএল | পিজিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট |
| ৫. | [৩.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | কর্মকর্তা/কর্মচারীবৃন্দের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয় | প্রশাসন ডিভিশন, পিজিসিএল | প্রশাসন ডিভিশন, পিজিসিএল | পিজিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক রিপোর্ট এবং এমআইএস রিপোর্ট |

## সংযোজনী-৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| পেট্রোবাংলা | গ্যাস বিক্রয় | বিক্রীত গ্যাস | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | গ্যাস বিপণন বিঘ্নিত হবে |
| পেট্রোবাংলা | গ্যাস সরঞ্জামাদি ক্রয় | ক্রয়কৃত গ্যাস সরঞ্জামাদি | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | গ্যাস বিপণন বিঘ্নিত হবে |
| পেট্রোবাংলা | গ্যাস পাইপলাইন স্থাপন | স্থাপিত পাইপলাইনের দৈর্ঘ্য | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | গ্যাস বিপণন বিঘ্নিত হবে |
| বিস্ফোরক অধিদপ্তর | | | পাইপলাইন স্থাপনের পূর্ব অনুমোদন (≥ ৭.০ কেজি/সেমি$^2$) | | |
| পেট্রোবাংলা | অবৈধ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগ | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | সিস্টেম লস কমানো সম্ভব হবে না |
| বাংলাদেশ পুলিশ | | | নিরাপত্তা নিশ্চিতকরণ | | |
| জনপ্রশাসন মন্ত্রণালয় | | | মোবাইল কোর্ট পরিচালনাকরণ | | |
| পেট্রোবাংলা | ইভিসিযুক্ত মিটার স্থাপন | স্থাপিত ইভিসিযুক্ত মিটার | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | সিস্টেম লস কমানো সম্ভব হবে না |
| পেট্রোবাংলা | মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা / কর্মচারীবৃন্দ | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | ব্যক্তিগত কর্মদক্ষতার উন্নয়ন ঘটবেনা |
| বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন | গ্যাসের মূল্য নির্ধারণ | নির্ধারিত গ্যাসের মূল্য | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | গ্যাস বিপণন বিঘ্নিত হবে |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | নতুন গ্যাস সংযোগ | গ্যাস সংযোগ | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | গ্যাস বিপণন বিঘ্নিত হবে |
| পরিবেশ অধিদপ্তর | পরিবেশগত ছাড়পত্র প্রদান | প্রদানকৃত পরিবেশগত ছাড়পত্র | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | গ্যাস বিপণন বিঘ্নিত হবে |
| জাতীয় রাজস্ব বোর্ড | কর ধার্যকরণ | ধার্যকৃত কর | প্রশাসনিক অনুমোদন | সরকারি বিধি-বিধান অনুসারে | রাজস্ব আয় হ্রাস পাবে |